# HOT QUESTIONS
# VI
# Subject - বাংলা

আদরিণী :

১) তোমরা পড়েছো এমন কয়েকটি গল্প বা কবিতার নাম রচয়িতার নামসহ লেখো যেখানে পশু-পাখি, জীবজন্তু বা কীট-পতঙ্গের উল্লেখ রয়েছে ।

২) 'আদরিণী' গল্পে মুখুজ্যেমশাইয়ের একান্নবর্তী পরিবারের কথা আমরা জেনেছি --- এই শ্রেণির পরিবারের বর্ণনা দিয়ে সুবিধা ও অসুবিধার কথাগুলি লেখো এবং সেইসঙ্গে তুমি কোন্ শ্রেণির পরিবারে থাকো তা লেখো ।

৩) 'আদরিণী' গল্পটি কোন্ পশুকে কেন্দ্র করে লেখা ? সেই পশুটিকে তোমরা কোথায় কোথায় দেখতে পাও ও তার চেহারার বর্ণনা দাও ।

৪) 'আদরিণী' গল্পে হাতি এবং গরুর গাড়িতে করে যাতায়াতের কথা আমরা জেনেছি --- প্রাচীনকালে যাতায়াতের জন্য কোন্ কোন্ যানবাহনের ব্যবহার করা হতো তার বিবরণ দাও । বর্তমানে ব্যবহৃত যানবাহনের পরিচয় দাও। প্রাচীনকালের যানবাহনের সঙ্গে বর্তমানকালের যানবাহনের একটি তুলনামূলক আলোচনা করো ।

৫) ''চৈত্র সংক্রান্তিতে বামুনহাটে একটি মেলা হয়''

--- ক) সংক্রান্তি বলতে কী বোঝ ?

খ) বাংলা মাসের এইরকম বিশেষ কয়েকটি পার্বণের নাম লেখো ।

গ) বামুনহাটের মেলাতে কী কী কেনাবেচা হয় ?

ঘ) তোমার জানা এইরকম কয়েকটি মেলার নাম লেখো যেখানে নির্দিষ্ট বিষয়কে (উপকরণ) কেন্দ্র করে মেলা বসে ।